# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 05 July, 2025

গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলার নলডাঙ্গা ইউনিয়নের দশলিয়া গ্রামের রায়পাড়ায় পারিবারিক ও জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে রাধানাথ বাসফোঁড় (অর্ধশতাব্দী বয়সী) নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করা হয়েছে।নিহত রাধানাথ মৃত কার্তিক চন্দ্রের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, ভাই ও ভাতিজারা ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে রাধানাথকে গুরুতর জখম করে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাইবান্ধা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

সাদুল্লাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজ উদ্দিন খন্দকার ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, “রাধানাথ বাসফোঁড়ের মরদেহ গাইবান্ধা সদর হাসপাতালের মর্গে রয়েছে। ময়নাতদন্ত শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি আরও জানান, নিহতের ছেলে সুমন চন্দ্র দাস বাদী হয়ে সাদুল্লাপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন। মামলাটি তদন্তাধীন রয়েছে এবং আসামিদের গ্রেফতারে অভিযান চলছে।

স্থানীয়দের দাবি, দীর্ঘদিন ধরে পারিবারিক ও বসতভিটার মালিকানা নিয়ে বিরোধ চলছিল, যা অবশেষে রক্তক্ষয়ী সংঘর্ষে রূপ নেয়।

পুলিশ জানিয়েছে, ঘটনার পেছনের কারণ ও জড়িতদের চিহ্নিত করতে তদন্ত জোরদার করা হয়েছে।

কুপিয়ে হত্যা সাদুল্লাপুর গাইবান্ধা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:28

URL: https://timestodaybd.com/public/across-the-country/4220775807